দৈনিক
ইত্তেফাক

তারিখ 18 APR 2017
পৃষ্ঠা ২০ কলাম ৪

# বিজ্ঞান গবেষণায় এগিয়ে শাবি

## গবেষণায় দেশের শীর্ষ বিশ্ববিদ্যালয়ের মর্যাদা লাভ

■ তামিম মজিদ, শাবি সংবাদদাতা

গবেষণায় এগিয়ে যাচ্ছে সিলেটের শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়। বিজ্ঞান ও ফলিত বিজ্ঞানের বিভিন্ন বিষয়ে গবেষণায় অভূতপূর্ব সাফল্য অর্জন করেছেন গবেষকরা। এরই ধারাবাহিকতায় গবেষণায় দেশের শীর্ষ বিশ্ববিদ্যালয়ের মর্যাদাও লাভ করেছে বিশ্ববিদ্যালয়টি। দেশের অর্থনীতির উন্নয়ন ও বিজ্ঞানের বিভিন্ন বিষয়ে চলতি অর্থ বছরে ৯০টি গবেষণা প্রকল্পের কার্যক্রম পরিচালিত হচ্ছে এই বিশ্ববিদ্যালয়ে।

বিশ্ববিদ্যালয় গবেষণা কেন্দ্র সূত্রে জানা গেছে, বিশ্ববিদ্যালয়ে গবেষণা বৃদ্ধির লক্ষ্যে ২০১১ সালের সেপ্টেম্বরে চালু হয় সাস্ট রিসার্চ সেন্টার। গবেষণা কেন্দ্র প্রতিষ্ঠার পর থেকে এখন পর্যন্ত একাধিক গবেষণা প্রকল্প সফলতার সঙ্গে সম্পন্ন হয়েছে। ২০১৬-১৭ অর্থ বছরে ৯০টি গবেষণা প্রকল্পের কাজ করছেন বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের শিক্ষকরা।

সংশ্লিষ্ট সূত্র জানায়, খনিজ তেল, গ্যাস, কয়লা, জ্বালানি সংকট, নবায়নযোগ্য শক্তি, বায়োগ্যাস, বায়োডিজেল, বায়োবিদ্যুৎ, ইলেক্ট্রো কেমেস্ট্রি, পৃষ্ঠা ২ কলাম ৭

## বিজ্ঞান গবেষণায়

২০ পৃষ্ঠার পর

ক্যাটালাইসিস, পেট্রোলিয়াম, ট্রেড সিস্টেম, উন্নয়ন অর্থনীতি, রেমিটেন্স, স্থানীয় অর্থনীতি, বিনিয়োগ, কেমিক্যাল কণা ও সংশ্লেষণ, জলবায়ু পরিবর্তন, খাদ্য দূষণ, বংশ পরম্পর, আবহাওয়া, পানি, সামাজিক ইস্যু, আর্থ-সামাজিক উন্নয়ন, নগরায়নের সমস্যা, নগর উন্নয়ন, মাইনরিটি কমিউনিটি, ট্রাফিক জ্যাম, ভূমিকম্প, প্রতিবন্ধীদের উন্নয়ন ও চা বাগানের শ্রমিকদের জীবনযাত্রাসহ বিভিন্ন বিষয়ে গবেষণা হচ্ছে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে। আন্তর্জাতিক জার্নালে প্রকাশ হচ্ছে এসব গবেষণা প্রতিবেদন। গবেষণায় অবদানের স্বীকৃতি স্বরূপ বিশ্বের সবচেয়ে বড় একাডেমিক জার্নালের ডাটাবেজ হিসেবে পরিচিত যুক্তরাষ্ট্রভিত্তিক প্রতিষ্ঠান স্কপাস ও স্পেনের গবেষণা প্রতিষ্ঠান সিমাগো রিসার্চ গ্রুপের জরিপ অনুযায়ী গবেষণায় ২০১৬ সালে আন্তর্জাতিক র‍্যাংকিংয়ে স্থান পাওয়া বাংলাদেশের ১০টি বিশ্ববিদ্যায়ের মধ্যে শীর্ষে রয়েছে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়। বিশ্ব র‍্যাংকিংয়ে শাবির অবস্থান ৬১০তম আর বাংলাদেশে প্রথম। ওয়েবমেট্রিক্স নামক একটি আন্তর্জাতিক সংস্থার জরিপেও ২০১৫ সালের দেশ সেরা বিশ্ববিদ্যালয়ের মর্যাদা লাভ করে প্রতিষ্ঠানটি। এছাড়া বিশ্ববিদ্যালয়ের কয়েকজন শিক্ষক জাতিসংঘের বিজ্ঞান সংস্থা ইউনেস্কো পদক, ইয়াং সায়েন্সস্টিট অ্যাওয়ার্ড (কোরিয়া), দি ওয়ার্ল্ড সায়েন্স একাডেমি অ্যাওয়ার্ড, বাংলাদেশ বিজ্ঞান একাডেমি পুরস্কার (স্বর্ণপদক), ইউজিসি অ্যাওয়ার্ড ও ভাইস চ্যান্সেলরসহ বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক পদক পেয়েছেন। তাদের মধ্যে রয়েছেন রসায়ন বিভাগের অধ্যাপক ড. মোঃ আবুল হাসনাত ও পদার্থ বিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. সুজাউল হক। অন্যান্যের মধ্যে রয়েছেন ড. মোঃ রফিকুল ইসলাম, ড. আবু ইউসুফ, ড. মোঃ জসিম উদ্দিন, ড. সায়ন চক্রবর্তী, ড. মোঃ আব্দুস সোবহান, ড. মিজানুর রহমান খান, ড. মো. নিজাম উদ্দিন, অধ্যাপক মনির আহমদ প্রমুখ।

রিসার্চ সেন্টার সূত্রে জানা যায়, শিক্ষকদের গবেষণায় উদ্বুদ্ধ করতে ২০১১ সাল থেকে ভিসি অ্যাওয়ার্ড চালু হয়েছে। প্রতিবছর সর্বোচ্চ মানসম্মত জার্নালের ভিত্তিতে দুইজন গবেষককে এই অ্যাওয়ার্ড দেওয়া হয়। এছাড়াও চলতি বছর থেকে সিলেটের হাফিজ আহমদ মজুমদার ট্রাস্ট সেরা গবেষককে প্রতিবছর ১ লাখ টাকা পুরস্কার দিবে। বিশ্ববিদ্যালয় গবেষণা কেন্দ্রের পরিচালক অধ্যাপক ড. মো: জাকির হোসেন বলেন, গবেষণার সংখ্যা ও গবেষকদের অবদান এ পর্যন্ত সন্তোষজনক।

বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোঃ আমিনুল হক ভুঁইয়া ইত্তেফাককে বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বর্তমান সরকার তথ্য ও প্রযুক্তি গবেষণার ক্ষেত্রে বিভিন্ন বাস্তবমুখী পদক্ষেপ গ্রহণ করেছে। গবেষণা বৃদ্ধি করার লক্ষ্যে শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়ের বাজেট বৃদ্ধিসহ বিভিন্ন সুযোগ-সুবিধা দিচ্ছেন। যার ফলে বাংলাদেশ এ ক্ষেত্রে অনেক দূর এগিয়ে গেছে।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং..........
তারিখ..........
চীফ, পরিসংখ্যান বিভাগ
চীফ, ডি.এস.পি বিভাগ
সিস্টেম এনালিস্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর